# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, গণক, জ্যোতিষী, যাদুকর, কাপ পড়া দানকারী, হাতের রেখা গণনাকারী এবং নক্ষত্র ও তারকারাজির দ্বারা ভবিষ্যতের জ্ঞান রাখার দাবিদার ও আকাশের কক্ষপথ দ্বারা রাশিচক্র জানার দাবিদারের নিকট যাওয়া কি বৈধ?

উত্তর: বল, তাদের নিকট যাওয়া, প্রশ্ন করা ও তাদের মিথ্যা শ্রবণ করা আমাদের জন্য হারাম। তবে যে তাদের মিথ্যা প্রকাশ, তাদের বানোয়াট স্পষ্ট করা ও তাদের প্রতারণা জনসমক্ষে প্রকাশ করতে সক্ষম আলেম ও ব্যক্তিবর্গ সেখানে যেতে পারেন। ইলমে গায়েবের দাবিদার প্রত্যেকের থেকে বিরত থাকা এবং তাদের মিথ্যা ও ধোঁকাবাজি থেকে সাবধান অসতর্ক লোকদেরকে সতর্ক করা আবশ্যক। ধ্বংস তার জন্য, যে তাদের মিথ্যা, বাতিল ও ধারণাগুলোকে বিশ্বাস করে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “যে কেউ জ্যোতিষী ও গণকের নিকট গেল ও তার কথাকে বিশ্বাস করল সে মুহাম্মাদের ওপর নাযিল-কৃত কুরআনকে অস্বীকার করল”। সুনান গ্রন্থকারগণ হাদীসটি বর্ণনা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেন, “যে কোনো জ্যোতিষীর নিকট গেল ও তাকে কোনো বিষয়ে জিজ্ঞেস করল চল্লিশ দিন তার সালাত কবুল হবে না”। হাদীসটি মুসলিম বর্ণনা করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10020

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন